# ক্ষমতা হস্তান্তর না হওয়া পর্যন্ত ভেনেজুয়েলার দায়িত্ব যুক্তরাষ্ট্র নেবে: ট্রাম্প



সংগৃহীত ছবি

ভেনেজুয়েলায় নিরাপত্তা ও ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত দেশটির দায়িত্ব যুক্তরাষ্ট্র তদারকি করবে বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফ্লোরিডার স্থানীয় সময় শনিবার রাত ১১টায় এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

ট্রাম্প জানান, একই দিন ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ও তার স্ত্রীকে আটক করেছে মার্কিন সেনারা। তার ভাষ্য অনুযায়ী, অভিযানটি ছিল দ্রুত ও পরিকল্পিত। অভিযানের সময় ভেনেজুয়েলার সেনাদের উপস্থিতি থাকলেও কোনো ধরনের সংঘর্ষ বা ক্ষয়ক্ষতি হয়নি।

সংবাদ সম্মেলনে ট্রাম্প আরও বলেন, যুক্তরাষ্ট্র যে ধরনের সামরিক সক্ষমতা দেখিয়েছে, তা অন্য কোনো দেশের পক্ষে সম্ভব নয়। অল্প সময়ের মধ্যেই ভেনেজুয়েলার সামরিক কাঠামো কার্যত অকার্যকর করে দেওয়া হয়। অভিযানের অংশ হিসেবে কারাকাসের বিভিন্ন এলাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়, ফলে অন্ধকারের মধ্যেই বিশেষ বাহিনী সফলভাবে মাদুরোকে আটক করতে সক্ষম হয়। তিনি দাবি করেন, এই অভিযানে ভেনেজুয়েলার কিছু সামরিক ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যও সহযোগিতা করেছে।

ট্রাম্প সতর্ক করে বলেন, প্রয়োজন হলে ভেনেজুয়েলায় দ্বিতীয় দফা বড় ধরনের অভিযান চালানো হতে পারে। তবে প্রথম অভিযান সফল হওয়ায় আপাতত নতুন হামলার পরিকল্পনা নেই। তিনি জানান, আটক মাদুরোকে যুক্তরাষ্ট্রের বিচার ব্যবস্থার আওতায় আনা হবে।

সূত্র: বিবিসি